**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, নাগরপুর, টাঙ্গাইল।
doict.nagarpur.tangail.gov.bd

**নাগরপুর উপজেলার আইসিটি বিষয়ক কমিটির ফেব্রুয়ারী / ২০২৫ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আরাফাত মোহাম্মদ নোমান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নাগরপুর, টাঙ্গাইল। |
| তারিখ | : | ২৬ ফেব্রুয়ারী, ২০২৫খ্রি. |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নাগরপুর উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলার সকল সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল পরিচালনা, সরকারী দপ্তরে ই-নথি বাস্তবায়ন, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবসহ অন্যান্য ল্যাবের যথাযথ পরিচালনা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনাঃ**<br><br>সাধারণ জনগণের নিকট অবাধ তথ্য সরবরাহের জন্য উপজেলা, ইউনিয়ন এবং সরকারী দপ্তর সমূহে নিজস্ব ওয়েব পোর্টাল রয়েছে। সুতরাং ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদকরণ অত্যাবশ্যকিয় হওয়ায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১.১। সরকারী সকল দপ্তর/প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদ ও তা বহুল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। দেশের পরিবর্তিত পরিস্থিতিতে সকল দপ্তরের পোর্টাল হতে অসামঞ্জস্যপূর্ণ তথ্য সরিয়ে ফেলার অনুরোধ করা হয়। সকল দপ্তরের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়।<br><br>১.২। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান বিষয়ে আইসিটি অধিদপ্তরস্থ নাগরপুর উপজেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে সহায়তা করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নাগরপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br><br>২। সহকারী প্রোগ্রামার, নাগরপুর, টাঙ্গাইল। |
| ০২ | **ডি-নথি সিস্টেমের বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদানঃ**<br><br>সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক কার্যক্রম (ডি-নথি সিস্টেম) স্থানান্তর ও ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস ধারণা বাস্তাবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ হওয়ায় অনলাইন নথি ব্যবস্থাপনার ধারণা, প্রয়োগ ও বাস্তবায়ন প্রয়োজন। | ২.১। ইতোমধ্যে ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে স্থাপিত দপ্তর সমূহের দাপ্তরিক নথি কার্যক্রম অতিসত্বর অনলাইন নথি ব্যবস্থাপনায় (ডি-নথি সিস্টেম) শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল দপ্তরের লাইভ সার্ভারে ডি-নথিতে অফিস নেই তাদেরকে লাইভে আনার জন্য এটুআইতে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। যে সকল দপ্তর লাইভে আছে তাদেরকে ডি নথি সিস্টেমে পত্রজারি করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২। এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান বিষয়ে আইসিটি অধিদপ্তরস্থ নাগরপুর উপজেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে সহায়তা করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।<br><br>২। নাগরপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ। |
| ০৩ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাবসহ অন্যান্য সকল কম্পিউটার ল্যাব সমূহের সর্বোচ্চ ব্যবহার** | ৩.১। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ, আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তাত্বিকের পাশাপাশি ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান কম্পিউটার ও | ১। নাগরপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | **নিশ্চিতকরণঃ**<br><br>আইসিটি শিক্ষার সম্প্রসারণ, দক্ষ জনশক্তি গড়ে তোলা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরকার কর্তৃক আইসিটিডি ডিজিটাল ল্যাব ও অন্যান্য কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। তাই সকল কম্পিউটার ল্যাবের সর্বোচ্চ ও যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং টেকসইকরণ অত্যন্ত জরুরী। | ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সকল ল্যাবের কম্পিউটার ডিভাইস সমূহ নিয়মিত চার্জ প্রদান করতে হবে।<br><br>৩.২। গত মাসে সহকারী প্রোগ্রামার উপজেলায় অবস্থিত ০৪ টি আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন করেন । যেখানে দেখা যায় যে, দুটি প্রতিষ্ঠানের ল্যাবের ল্যাপটপ মেরামতযোগ্য তা মেরামত করার পরামর্শ দেন। এমতবস্থায় সকল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানকে তাদের সকল ল্যাবের যন্ত্র নিজ খরচে মেরামত করার বিষয়ে সভায় সকলকে জানানো হয়। সকল স্কুলের ডিজিটাল ল্যাবে বিভিন্ন সরঞ্জামের চুরি রোধে নিরাপত্তা ব্যবস্থা জোড়দার করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের জানানো হয়। বর্তমান সময়ের সাথে সামঞ্জস্যপুর্ণ নয় এমন দেয়ালিকা ল্যাব থেকে সরানোর জন্য অনুরোধ করা হয়। EDC প্রকল্পের আওতায় নাগরপুরের ২১টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। যা ক্রমান্বয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন ভুমি অফিসে সংযোগ স্থাপিত হবে। যা ভেরিফিকেশন করার জন্য বলা হয়েছে। | প্রতিষ্ঠানের প্রধানগণ।<br><br>২। সহকারী প্রোগ্রামার, নাগরপুর, টাঙ্গাইল। |
| ০৪ | **সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য এটুআই এর মাধ্যমে ওয়েব পোর্টাল তৈরির ব্যবস্থা গ্রহণঃ**<br><br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এটুআই এর মাধ্যমে দেশের সকল সরকারি হাইস্কুল ও কলেজের ওয়েব পোর্টাল তৈরির জন্য ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগ গ্রহন। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সরকারি ব্যয় সংকোচনের স্বার্থে সকল সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইট থাকতে হবে এবং তা Bangladesh National Portal এর আওতায় তৈরি করতে হবে। এজন্যে উপজেলা পর্যায়ের সরকারি স্কুল ও কলেজসমূহের ওয়েবসাইট বাতায়নের আওতায় তৈরির জন্য এটুআই এর কাছে নতুন ডোমেইন তৈরির জন্য অনলাইনে আবেদন এর বর্তমান অবস্থার বিষয়ে জানার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নাগরপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার, নাগরপুর, টাঙ্গাইল। |
| ০৫ | **উপজেলা পর্যায়ে তারুণ্যের উদ্ভাবনী ধারণার খোঁজে (ইনোভেটিভ আইডিয়া) প্রতিযোগিতা আয়োজন করাঃ**<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে ইনোভেটিভ আইডিয়া প্রতিযোগিতা আয়োজন করা। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পর্যায়ে তারুণ্যের উৎসব – ২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে ইনোভেটিভ আইডিয়া প্রতিযোগিতা গত ১৩-০২-২০২৫ তারিখে উপজেলা সভাকক্ষে আয়োজন করা। এতে ১১ টি দল বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণ করে। পরবর্তীতে তাদের সকল তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়। সকল উপজেলার ১ম হওয়া দল নিয়ে জেলায় ২৬-০২-২০২৫ তারিখে তারুণ্যের উদ্ভাবনী ধারণার খোঁজে (ইনোভেটিভ আইডিয়া) প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উপজেলায় ১ম, ২য়, ৩য় হওয়া দলকে পুরস্কার দেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নাগরপুর<br>২। নাগরপুর উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |

০২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি আইসিটি সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কার্যকর ভুমিকা রাখতে সকলকে অনুরোধ করেন এবং নতুন সময়ে সকলকে আইসিটি এর প্রসারে ভুমিকা রাখার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

26/2/25

(আরাফাত মোহাম্মদ নোমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ৫৬.৩০.৯৩৭৬.০০০.৩৯.০০১.২০- ০৮ তারিখঃ ২৬-০২-২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে- ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, টাঙ্গাইল।

৩। উপজেলা ........................................................................ কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল।

৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক ........................................................................,নাগরপুর, টাঙ্গাইল।

৫। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। অফিস কপি।

Habib
26-02-25

( মোঃ হাবিবুর রহমান )
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
আইসিটি বিষয়ক উপজেলা কমিটি
নাগরপুর, টাঙ্গাইল।